

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.৪২.২২০০.০০০.১৪.০৩৮.১৫.২৪৬

তারিখঃ ২৪/০৪/২০১৭।

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ কক্সবাজার জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং জেপ-কা/কস্ব/তিন-৩৬২/২০০৯/৭০-৭৩, তারিখঃ ০৯/০২/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৬-২০১৭ অর্থ বছরের রাজস্ব তহবিলের আওতায় ৪১,৫২,০০০/- (একচল্লিশ লক্ষ বায়ান্ন হাজার) টাকায় গৃহীত ৩টি প্রশিক্ষণ প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলঃ

প্রকল্পের নাম	প্রশিক্ষণের মেয়াদ	ব্যচ সংখ্যা	মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা	পরিমাণ (লক্ষ টাকায়)
১) সেলাই প্রশিক্ষণ	৩ মাস	৮টি	১৬০ জন	২৩.৯৮৮
২) কম্পিউটার প্রশিক্ষণ	৪ মাস	৩টি	৭২ জন	৭.৪০৮
৩) সূচিকর্ম প্রশিক্ষণ প্রকল্প	৩ মাস	৪টি	৮০ জন	১০.১২৪
			মোট	৪১.৫২

শর্তসমূহঃ

- ১) প্রশিক্ষণার্থী বাছাইয়ের জন্য বহুল প্রচলিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান;
- ২) প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কক্সবাজার, উপ পরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার, উপজেলা নির্বাহী অফিসার, সদর, কক্সবাজার, সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, কক্সবাজার এর সমন্বয়ে কমিটি গঠন;
- ৩) বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষণার্থী নির্বাচন করে তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) মন্ত্রণালয় কে অবহিত রেখে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪) সেলাই প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ কোর্স যুবসমূহ উন্নয়ন অধিদপ্তর পরিচালিত প্রশিক্ষণ পাঠক্রম অনুরূপে পরিচালনা করতে হবে;
- ৫) কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত কোর্সসমূহ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বেসিক আইসিটি ট্রেনিং এর কোর্স মডিউলের অনুরূপে পরিচালনা করতে হবে এবং প্রশিক্ষণার্থীগণ অন লাইনে অর্থ উপার্জনের প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারে এরূপ বিষয় কোর্স মডিউলে অর্ন্তভুক্ত হবে;
- ৬) প্রশিক্ষকের সম্মানী প্রতি ক্লাসের জন্য অনধিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রদান এবং প্রশিক্ষণার্থীগণযেহেতু বিনা মূল্যে প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন সেহেতু তাদেরকে আর কোন সম্মানী/যাতায়াত বাবদ ভাতা দেয়া যাবেনা; প্রশিক্ষণার্থীদের নাস্তার জন্য সর্বোচ্চ প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা ব্যয়;
- ৭) পিপিআর ২০০৮ এর এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ পূর্বক বাস্তবায়ন করে মন্ত্রণালয় একটি প্রতিবেদন প্রেরণ;

  
২৪/৪/১৭  
(জুবাইদা নাসরীন)  
উপ-সচিব


প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, কক্সবাজার।

ফোনঃ ৯৫৭৫৫৬৮  
Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

নং-৪৬.৪২.২২০০.০০০.১৪.০৩৮.১৫.২৪৬(৭)

## অনুলিপি-(জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ২। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের পরিদর্শন কমিটি কর্তৃক প্রকল্পসমূহ পরিদর্শন করে প্রতিবেদন দেয়ার প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো)।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, কক্সবাজার।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম (সরজমিনের পরিদর্শন করে আবশ্যিকভাবে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। অফিস কপি।

  
 ২৪/৪/১৭  
 (জুবাইদা দারসরীন)  
 উপ-সচিব